দৈনিক ইনকিলাব

তারিখ ... 12 MAY 1988
পৃষ্ঠা ... 1 কলাম 4



# স্কুল-কলেজ সরকারীকরণ নীতি পুনঃ পরীক্ষা করে দেখা হচ্ছে

## —শিক্ষামন্ত্রী

।। সংসদ রিপোর্টার ।।

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, স্কুল-কলেজ সরকারীকরণ নীতি পুনঃ পরীক্ষা করে দেখা হচ্ছে। সরকারীকরণের সুফল কতটুকু হয়েছে তা-ও দেখা হচ্ছে। গতকাল জাতীয় সংসদে প্রশ্নোত্তরকালে তিনি এ কথা বলেন। এক সম্পূরক প্রশ্নের জবাবে তিনি বলেন, আগামীতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সংস্কারের জন্য প্রতিটি সংসদ সদস্যের মাধ্যমে ৫০ হাজার টাকা বিতরণের ব্যবস্থা করা হবে।

২ এর পৃষ্ঠায় দেখুন

## শিক্ষামন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

জনাব মোস্তাফিজুর রহমানের প্রশ্নে জবাবে তিনি বলেন, ৮০ সালে আদমশুমারী অনুযায়ী বাংলাদেশে গণশিক্ষিতের হার শতকরা ২৯ দশমি ২।

জনাব মোহাম্মদ আহসান হাবীরের প্রশ্নে জবাবে তিনি জানান, ঢাকা জেল শিক্ষিতের হার সবচেয়ে বেশী, ৩ দশমিক ৩২ ভাগ। অপরদিকে সবচে কম পাবনায়, ১১ দশমিক ১২ ভাগ শিক্ষামন্ত্রী বলেন, দেশে শিক্ষিতের হা আশানুরূপ নয়।

শাহ মোহাম্মদ আবু জাফরের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক কাজ সম্পন্ন হয়েছে এবং আগামী অর্থ বছর থেকে বাস্তব কাজ শুরু করা হবে।